গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়ার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বিদ্যুৎ খাতের প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ২০০৯ সালের স্থাপিত উৎপাদন ক্ষমতা ৪,৯৪২ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে ২০১৯ সালে ২১,৪১৯ (২,৮০০ মে:ও: ক্যাপটিভসহ) মেগাওয়াটে উন্নীত হয়েছে। তন্মধ্যে গত ৩ বছরে স্থাপিত উৎপাদন ৬,২০২ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে এবং সিস্টেম লস ১.২৯% হ্রাস পেয়েছে। বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এরই ফলশ্রুতিতে এ সময়ে ১,৭৩০ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন ও ১,৫১,০০০ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ করে নতুন ১.১০ কোটি গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এতে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা ৭৬% থেকে ৯৩% এ উন্নীত হয়েছে। মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪৩৩ কিলোওয়াট-ঘন্টা থেকে বৃদ্ধি পেয়ে ৪৬৪ কিলোওয়াট-ঘন্টা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সীমিত সম্পদ দিয়ে আমাদের মত উন্নয়নশীল দেশের চাহিদার সাথে ভারসাম্য রক্ষা করে বিদ্যুৎ উৎপাদন করা কঠিন কাজ। বিশ্ব রাজনীতিতে পরিবর্তন, বৈদেশিক বিনিয়োগ হ্রাস এবং নিজস্ব সম্পদের সীমাবদ্ধতা বিদ্যুৎখাতে উন্নয়নের জন্য একটি বড় সমস্যা। বিদ্যুৎ খাতের পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২০২১ সালে ২৪ হাজার মেগাওয়াট, ২০৩০ সালে ৪০ হাজার মেগাওয়াট এবং ২০৪১ সালে ৬০ হাজার মেগাওয়াট। ২০২১ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদন খাতে বিনিয়োগ প্রয়োজন হবে প্রায় ২৩ বিলিয়ন মার্কিন ডলার এবং ২০৪১ সালের মধ্যে প্রয়োজন হবে ৮৫ বিলিয়ন মার্কিন ডলার । বিনিয়োগের পাশাপাশি জ্বালানি সরবরাহ করাও একটি বড় চ্যালেঞ্জ হবে। বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রাকৃতিক গ্যাসের উপর নির্ভরশীলতা দিন দিন কমে যাচ্ছে। ২০০৯-১০ অর্থ বছরে গ্যাস থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৮৯.২২% যা ২০১৮-১৯ (জানুয়ারি'১৯) অর্থ বছরে কমে ৬৫.২২% হয়েছে। ২০০৯-১০ অর্থ বছরে তরল জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৪.৭৭ শতাংশ যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২০.৪৯ শতাংশে দাঁড়িয়েছে। তরল জ্বালানির শতভাগ বিদেশ থেকে আমদানি করতে হয়। বিধায় বিপুল পরিমাণ বৈদেশিক অর্থ ব্যয় করতে হয়। জ্বালানি নিরাপত্তা বিধানের লক্ষ্যে নতুন পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস/এলএনজি ও কয়লাকে মুখ্য জ্বালানি হিসেবে বিবেচনা করা হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০৪১ সালে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ৬০ হাজার মেগাওয়াট। এর জন্য প্রকল্পে অর্থায়ন, বিনিয়োগ বৃদ্ধি, জ্বালানি বহুমুখিকরণ, দক্ষ জনবল প্রতিষ্ঠা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎখাতের পারফরমেন্স উন্নয়ন ও উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি পর্যাপ্ত বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ অবকাঠামো নির্মাণ ও আইসিটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আশা করা যায় ২০২১ সালের পূর্বেই দেশের শতভাগ জনগণ বিদ্যুৎ সুবিধার আওতায় আসবে।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারি ও বেসরকারিখাতে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা ২,১৪৯ মেগাওয়াট বৃদ্ধি;
- ৪৩,০০০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ৪৫০ সার্কিট কিলোমিটার নতুন সঞ্চালন লাইন নির্মাণ;
- ১০,০০,০০০ প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি ৯৬ % এ উন্নীতকরণ এবং
- দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে জনপ্রতি বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

যৌক্তিক ও সহনীয় মূল্যে সকল জনগণের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন
২. বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন
৩. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি
৪. বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন
৫. টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন
৬. বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. (১) বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন। ২) বিদ্যুৎ খাতের আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়ন, সংশোধন ও হালনাগাদকরণ। ৩) বিদ্যুৎ উৎপাদনে জ্বালানির ব্যবহার বহুমুখীকরণ। ৪) বিদ্যুৎ খাতে যৌথ উদ্যোগ ও বেসরকারি বিনিয়োগে উৎসাহ প্রদান। ৫) পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন। ৬) বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানিসমূহের কার্যক্রম তদারকি। ৭) নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয় কার্যক্রমের উন্নয়ন। ৮) প্রতিবেশি দেশসমূহের মধ্যে বিদ্যুৎ আমদানি-রপ্তানি এবং হাইড্রো-পাওয়ার প্রকল্পের বিনিয়োগে অংশগ্রহণ। ৯) বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| ১) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | সুবিধাপ্রাপ্ত সংখ্যা | % | ৯০ | ৯৩ | ৯৬ | ১০০ | | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট |
| ২) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন | সিস্টেম লস | % | ১০.২ | ৭.৯৩ | ৯.৬০ | ৯.৫৫ | ৯.৫০ | অর্থ বিভাগ,পরিকল্পনা কমিশন, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও বিদ্যুৎ বিভাগ। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট |
| ৩) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | SAIDI | মিনিট | ৭৪৭ | ৮০০ | ৯৫০ | ৯০০ | ৮০০ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিভাগ। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন | ৩৭ | [১.১] বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণ। | [১.১.১] নতুন বিতরণ লাইন নির্মাণ | সমষ্টি | কি:মি: | ৬ | ৫৪৩১১ | ৫৬৪৩৭ | ৪৩০০০ | ৪২৫০০ | ৪২০০০ | ৪১৫০০ | ৪১০০০ | ১২০০০ | ৬৫০০ |
| | | [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন। | [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | সমষ্টি | এমভিএ | ৫ | ১৫৭৩.৬৫ | ১৯৯৪ | ৩৮০০ | ৩৭০০ | ৩৬০০ | ৩৫০০ | ৩৪০০ | ২৫০০ | ২০০০ |
| | | [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] হ্রাসকৃত বিতরণ সিস্টেম লস | সমষ্টি | % | ৪ | ১০.৫৫ | ৭.৯৩ | ৯.৬০ | ৯.৬৫ | ৯.৭০ | ৯.৭৫ | ৯.৮০ | ৯.৫৫ | ৯.৫০ |
| | | [১.৪] প্রি-পেমেন্ট মিটার স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণ | [১.৪.১] স্থাপিত প্রি-পেইড মিটার | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ১০.০৪১ | ৫.৭৫ | ১০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ১১ | ১২ |
| | | [১.৫] বকেয়া হ্রাসকরণ | [১.৫.১] হ্রাসকৃত বকেয়া | সমষ্টি | সমমাস | ২ | ১.৯৪৫ | ১.৯৪ | ১.৯৩ | ১.৯৬ | ১.৯৭ | ১.৯৮ | ১.৯৯ | ১.৯০ | ১.৮০ |
| | | [১.৬] নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরন | [১.৬.১] হ্রাসকৃত SAIDI | সমষ্টি | মিনিট | ২ | ৯৬২.৪১ | ৮০০ | ৯৫০ | ৯৬০ | ৯৭০ | ৯৮০ | ৯৯০ | ৯০০ | ৮০০ |
| | | [১.৭] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু কার্যক্রম নিশ্চিতকরন | [১.৭.১] ইস্যুকৃত লাইসেন্স | সমষ্টি | সংখ্যা | ২ | ৯১৭৯ | ৯২৫৫ | ৭৫০০ | ৭৪০০ | ৭৩০০ | ৭২০০ | ৭১০০ | ৮০০০ | ৮৫০০ |
| | | [১.৮] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন কার্যক্রম নিশ্চিতকরন | [১.৮.১] নবায়নকৃত লাইসেন্স | সমষ্টি | সংখ্যা | ১ | ১৩৬৫৭ | ১১৬৩৮ | ১৩০০০ | ১২৯০০ | ১২৮০০ | ১২৭০০ | ১২৬০০ | ১৩৫০০ | ১৪০০০ |
| | | [১.৯] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান কার্যক্রম নিশ্চিতকরন | [১.৯.১] অনুমোদনকৃত উপকেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ২ | ৩৪৯৯ | ২৭১১ | ৩০০০ | ২৯২৫ | ২৮৫০ | ২৮০০ | ২৭১১ | ৩২০০ | ৩৫০০ |
| | | [১.১০] বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধিকরণ | [১.১০.১] সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা | সমষ্টি | % | ৬ | ৯০.৫ | ৯৩ | ৯৬ | ৯৫.৫০ | ৯৫.০০ | ৯৪.৫০ | ৯৪ | ১০০ | |
| | | [১.১১] গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ | [১.১১.১] বিভাগীয় শহরে আয়োজিত গণশুনানী | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন | ১৩ | [২.১] সঞ্চালন লাইন বৃদ্ধিকরণ | [২.১.১] সঞ্চালন লাইন নির্মাণ | সমষ্টি | সার্কিট কি:মি: | ৫ | ৫১৩.৯৫ | ২৯৬.৪৭ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪১০ | ৪৫০ | ৪৫০ |
| | | [২.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধিকরণ | [২.২.১] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | সমষ্টি | এমভিএ | ৫ | ২৫৯২.৫ | ১৯৭৯ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ২০০০ | ২০০০ |
| | | [২.৩] সঞ্চালন লস হ্রাসকরণ | [২.৩.১] হ্রাসকৃত সঞ্চালন লস | সমষ্টি | % | ৩ | ২.৮১ | ৩.০১ | ৩.০০ | ৩.০০২ | ৩.০০৪ | ৩.০০৭ | ৩.০১ | ২.৯০ | ২.৭৫ |
| [৩] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি | ৮ | [৩.১] বেসরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ | [৩.১.১] বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ উৎপাদন | সমষ্টি | মেগাওয়াট | ৬ | ১২২০ | ১৪৫২ | ৯০১ | ৮৭৯ | ৮২৫ | ৭৭১ | ৭১৬ | ৫৫৩ | ২৪১৯ |
| | | | [৩.২.১] বেসরকারি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এলওআই ইস্যু | সমষ্টি | সংখ্যা | ২ | | ৪ | ৩ | ২ | ১ | | | ৯ | ৫ |
| [৪] বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন | ৭ | [৪.১] সরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ | [৪.১.১] সরকারিখাতে নতুন বিদ্যুৎ উৎপাদন | সমষ্টি | মেগাওয়াট | ৬ | ১৫৩৭.৮৭৪ | ৫০২ | ১২৪৮ | ১১৩১ | ৯৮১ | ৯০০ | ৮৫০ | ১৫৮৩ | ২৫১৭ |
| | | | [৪.২.১] বিদ্যুতকেন্দ্র FGMO তে পরিচালন | সমষ্টি | সংখ্যা | ১ | | ১৬ | ২৩ | ২২ | ২১ | ২০ | ১৯ | ৩৩ | ৩৮ |
| [৫] টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন | ৬ | [৫.১] সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড স্থাপন নিশ্চিতকরণ | [৫.১.১] স্থাপিত মিনি/ মাইক্রো/ন্যানো গ্রিড | সমষ্টি | মেগাওয়াট | ২ | | | .৩৮৫ | .৩২ | .৩০ | .২৮ | .২৬ | .১০ | |
| | | [৫.২] সোলার সেচ সিস্টেম স্থাপন নিশ্চিতকরণ | [৫.২.১] স্থাপিত সেচ সিস্টেম | সমষ্টি | মেগাওয়াট | ২ | ২ | ৮.২৩ | ৩ | ২.৯ | ২.৮ | ২.৭ | ২.৬ | ৩ | ৩ |
| | | [৫.৩] সোলার হোম সিস্টেম স্থাপন সম্প্রসারণ | [৫.৩.১] স্থাপিত রুফটপ সোলার সিস্টেম | সমষ্টি | মেগাওয়াট | ২ | ১২ | ১৮.১৪ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ২০ | ৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৬] বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ৪ | [৬.১] বিধিমালা প্রণয়ন | [৬.১.১] বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধামালার খসড়া অনুমোদন | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৫.২০ | ০৯.০৬.২০ | ১৬.০৬.২০ | ২৩.০৬.২০ | ৩০.০৬.২০ | | |
| | | [৬.২] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকি। | [৬.২.১] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরন এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকির জন্য আয়োজিত সমন্বয় সভা। | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃকডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৮] বিভাগীয় মামলা নিস্পত্তি | [১.৮.১] বিভাগীয় মামলা নিস্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্যবাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................................ | ১৬.০৭.২০১৯ |
| সিনিয়র সচিব<br>বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | তারিখ |

| | |
|---|---|
| ............................................................ | ১৬.০৭.২০১৯ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিইপিআরসি | বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল |
| ২ | স্রেডা | সাসটেইনেবল এন্ড রিনিউএবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি |
| ৩ | বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| ৪ | বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| ৫ | ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৬ | ডেসকো | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ৭ | ওজোপাডিকো | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৮ | নেসকো | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ৯ | এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড |
| ১০ | আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড |
| ১১ | নওপাজেকো | নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড |
| ১২ | পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১৩ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ১৪ | এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| ১৫ | এমভিএ | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| ১৬ | এমএমসিএফডি | মিলিয়ন কিউবিক ফিট পার ডে |
| ১৭ | সিইআই | চিফ ইলেকট্রিক ইন্সপেক্টর |
| ১৮ | SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণ। | [১.১.১] নতুন বিতরণ লাইন নির্মাণ | জনগণের নিকট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | লাইনের দৈঘ্য | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন |
| [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন। | [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | সংযোজিত ক্ষমতা | ঐ |
| [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] হ্রাসকৃত বিতরণ সিস্টেম লস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/ কোম্পানিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | বানিজ্যিক কার্যক্রমের হিসাব | ঐ |
| [১.৪] প্রি-পেমেন্ট মিটার স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণ | [১.৪.১] স্থাপিত প্রি-পেইড মিটার | গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেমেন্ট মিটার স্থাপন বৃদ্ধি | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | স্থাপিত মিটারের যোগফল | ঐ |
| [১.৫] বকেয়া হ্রাসকরণ | [১.৫.১] হ্রাসকৃত বকেয়া | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হ্রাসকরণ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | পাইকারী ক্রয় ও বিক্রয়ের পরিমানের পার্থক্য | ঐ |
| [১.৬] নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরন | [১.৬.১] হ্রাসকৃত SAIDI | সিস্টেমের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির মাধ্যমে ইন্টারাপশনকাল কমিয়ে আনা | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | বিভিন্ন বিতরণ সংস্থার লোড শেডিং এর সময়ের যোগফল | ঐ |
| [১.৭] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু কার্যক্রম নিশ্চিতকরন | [১.৭.১] ইস্যুকৃত লাইসেন্স | নতুন বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স/সুপারভাইজারি সার্টিফিকেট/বৈদ্যুতিক কারিগরি পারমিট প্রদান | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদশরএকর দপ্তর | সংখ্যা | ঐ |
| [১.৮] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন কার্যক্রম নিশ্চিতকরন | [১.৮.১] নবায়নকৃত লাইসেন্স | নতুন বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স/সুপারভাইজারি সার্টিফিকেট/বৈদ্যুতিক কারিগরি পারমিট নবায়ন | ঐ | সংখ্যা | ঐ |
| [১.৯] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান কার্যক্রম নিশ্চিতকরন | [১.৯.১] অনুমোদনকৃত উপকেন্দ্র | উপকেন্দ্র চালু করার অনুমোদন প্রদান | ঐ | অনুমোদনের সংখ্যা | ঐ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১০] বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধিকরণ | [১.১০.১] সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা | বিদ্যুৎ সুবিধার আওতা সম্প্রসারণ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | নতুন সংযোগের সংখ্যা | ঐ |
| [১.১১] গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ | [১.১১.১] বিভাগীয় শহরে আয়োজিত গণশুনানী | বিভাগীয় শহরে গণশুনানীর আয়োজন | বিদ্যুৎ বিভাগ | সংখ্যা | ঐ |
| [২.১] সঞ্চালন লাইন বৃদ্ধিকরণ | [২.১.১] সঞ্চালন লাইন নির্মাণ | সমগ্র দেশে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সঞ্চালনের লক্ষ্যে নতুন সঞ্চালন লাইন নির্মাণ | পিজিসিবি | সার্কিট কি:মি: | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন |
| [২.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধিকরণ | [২.২.১] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডের মাধ্য সঞ্চালনের লক্ষ্যে গ্রিড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | পিজিসিবি | এমভিএ | ঐ |
| [২.৩] সঞ্চালন লস হ্রাসকরণ | [২.৩.১] হ্রাসকৃত সঞ্চালন লস | বিদ্যুৎ সঞ্চালন লাইনের ক্ষমতা ও গ্রিড উপকেন্দ্রের ক্ষমতা সম্প্রসারণের মাধ্যমে সঞ্চালন লস হ্রাস | পিজিসিবি | বানিজ্যিক কার্যক্রমের হিসাব | ঐ |
| [৩.১] বেসরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ | [৩.১.১] বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ উৎপাদন | সরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বিপিডিবি, ইজিসিবি, নওপাজেকো, এপিএসসিএল, আরপিসিএল ও বিআর-পাওয়ার জেন | মেগাওয়াট | ঐ |
| [৩.২] বেসরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ | [৩.২.১] বেসরকারি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এলওআই ইস্যু | বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এলওআই ইস্যকরণ | বিপিডিবি | সংখ্যা | ঐ |
| [৪.১] সরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ | [৪.১.১] সরকারিখাতে নতুন বিদ্যুৎ উৎপাদন | বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | সকল বেসরকারি বিদ্যুৎ কেন্দ্রসমূহ | মেগাওয়াট | ঐ |
| [৪.২] সরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ | [৪.২.১] বিদ্যুতকেন্দ্র FGMO তে পরিচালন | বিদ্যুৎ কেন্দ্র সমূহে FGMO চালুকরণ | বিপিডিবি ও পিজিসিবি | সংখ্যা | ঐ |
| [৫.১] সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড স্থাপন নিশ্চিতকরণ | [৫.১.১] স্থাপিত মিনি/ মাইক্রো/ন্যানো গ্রিড | সোলার মিনি/ মাইক্রো/ন্যানো গ্রিড স্থাপন | স্রেডা | সংখ্যা/মেগাওয়াট | ঐ |
| [৫.২] সোলার সেচ সিস্টেম স্থাপন নিশ্চিতকরণ | [৫.২.১] স্থাপিত সেচ সিস্টেম | সোলার ইরিগেশন সিস্টেম চালুকরণ | স্রেডা | সংখ্যা | ঐ |
| [৫.৩] সোলার হোম সিস্টেম স্থাপন সম্প্রসারণ | [৫.৩.১] স্থাপিত রূপটপ সোলার সিস্টেম | রূপটপ সোলার সিস্টেম স্থাপন | স্রেডা | মেগাওয়াট | ঐ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.১] বিধিমালা প্রণয়ন | [৬.১.১] বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধামালার খসড়া অনুমোদন | বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধামালার খসড়া অনুমোদন | বিদ্যুৎ বিভাগ | অনুমোদিত | ঐ |
| [৬.২] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকি। | [৬.২.১] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরন এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকির জন্য আয়োজিত সমন্বয় সভা। | | | | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ডিপার্টমেন্ট | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন | সরকারিখাতে নতুন বিদ্যুৎ উৎপাদন | তরল জ্বালানি এবং প্রাকৃতিক গ্যাস | বিদ্যুৎ উৎপাদনের জন্য ১,৫০০ এমএমসিএফডি প্রাকৃতিক গ্যাস ও ১২,০০,০০০ মেট্রিক টন তরল জ্বালানি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |